

“শেখ হাসিনার বারতা  
নারী পুরুষ সমতা”

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
কিশোর কিশোরী ক্লাব স্থাপন প্রকল্প  
মহিলা বিষয়ক অধিদপ্তর  
৩৭/৩ ইস্কাটন গার্ডেন রোড, ঢাকা।




স্মারক নং-৩২.০১.০০০০.০০৩.০১৪.০৩১.১৮(অংশ-১)-১৮৭৩

তারিখঃ ১৫/১১/২০২২ খ্রি:

বিষয়: কিশোর কিশোরী ক্লাব স্থাপন প্রকল্পে জানুয়ারী/২০২৩ থেকে ডিসেম্বর/২০২৩ নতুন ক্লাব সদস্য অন্তর্ভুক্তিকরণ প্রসঙ্গে।

মহিলা বিষয়ক অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন কিশোর কিশোরী ক্লাব স্থাপন প্রকল্পে প্রতিটি পৌরসভা ও ইউনিয়নে ( ৩৩০ টি পৌরসভা ও ৪৫৫৩ টি ইউনিয়ন) ৪৮৮৩ টি ক্লাব স্থাপন করা হয়েছে। উক্ত ক্লাবের মাধ্যমে প্রতি বছর ১,৪৬,৪৯০ জন কিশোর কিশোরীদের সংগীত, আবৃত্তি ও সামাজিক সচেতনতামূলক বিষয়ে প্রশিক্ষণের মাধ্যমে সুবিধা প্রদান করা হচ্ছে। প্রকল্প মেয়াদে ৪,৩৯,৪৭০ জন কিশোর কিশোরীদের সুবিধা প্রদান করা হবে। জানুয়ারী ২০২২ খ্রি: হতে ডিসেম্বর ২০২২ খ্রি: পর্যন্ত ২য় (দ্বিতীয়) ব্যাচে কিশোর কিশোরীদের চলমান প্রশিক্ষণ সমাপ্ত হবে। পরবর্তী ব্যাচের জন্য জানুয়ারী /২০২৩ খ্রি: থেকে ডিসেম্বর/২০২৩ খ্রি: পর্যন্ত প্রতি ক্লাবে ২০ জন কিশোরী ও ১০ জন কিশোর যাদের বয়স ১০-১৯ বছর সদস্য হিসেবে বিধি মোতাবেক বাছাই করার জন্য বলা হল। বাছাই প্রক্রিয়ায় মহিলা কাউন্সিলর ও ক্লাব পরিচালনা কমিটির সহায়তা গ্রহণ করতে হবে। উল্লেখ্য যে পুরাতন সদস্যদের তালিকা সংরক্ষণ এবং নতুন ক্লাব সদস্যের তালিকা প্রকল্পের website( [kkcp.gov.bd](http://kkcp.gov.bd)) এ আগামী ২০ জানুয়ারী/২০২৩ খ্রি: এর মধ্যে এন্ট্রি দেওয়ার জন্য বলা হল।

  
মো: তরিকুল আলম  
অতিরিক্ত সচিব  
প্রকল্প পরিচালক (অ:দা)  
কিশোর কিশোরী ক্লাব স্থাপন প্রকল্প  
মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা

উপ-পরিচালক (সকল জেলা)  
উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা (সকল উপজেলা)  
মহিলা বিষয়ক অধিদপ্তর

অনুলিপি:

- ১। উপজেলা নির্বাহী কর্মকর্তা (সকল উপজেলা)।
- ২। প্রোগ্রাম অফিসার, প্রশাসন-১ শাখা, ওয়েবসাইট (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ সহ), মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা।
- ৩। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা।
- ৪। ফিল্ড সুপারভাইজার, কিশোর কিশোরী ক্লাব স্থাপন প্রকল্প।( বিষয়টি নিবিড় মনিটরিং এর মাধ্যমে নির্ধারিত সময়ের মধ্যে প্রকল্পের ওয়েবসাইটে হালনাগাদ নিশ্চিত করার জন্য বলা হল।)
- ৫। অফিস কপি।